ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫২৯

জম্পুইজলা, ২ জুলাই, ২০২৫

**জনভাগীদারি অভিযানে কিল্লা বার্মা ও প্রমোদনগর ভিসিতে শিবির অনুষ্ঠিত**

জম্পুইজলা মহকুমার অন্তর্গত কিল্লা বার্মা ভিসি এবং প্রমোদনগর ভিসি এলাকায় গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযানে কিলা বার্মা ভিসি'র সেন্ট যোসেফ ইংরেজি মাধ্যম বিদ্যালয় প্রাঙ্গণে প্রশাসনিক, স্বাস্থ্য ও সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে ১৭টি এসটি এবং ১০টি পিআরটিসি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩৪ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয় এবং ৩৪ জনের নাম আয়ুষ্মান প্রকল্পে রেজিস্ট্রেশন করা হয়। এছাড়া সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ২ জনকে জাতীয় পারিবারিক সহায়তা প্রকল্পে এবং ২ জনকে পিএমএমভিওয়াই প্রকল্পে সহায়তা করার জন্য এবং ৩২ জনকে সামাজিক ভাতার জন্য রেজিস্ট্রেশন করা হয়। প্রমোদনগরের প্রমোদনগর দ্বাদশমান বিদ্যালয়ে প্রশাসনিক, স্বাস্থ্য ও সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে ২১টি পিআরটিসি, ২৫টি এসটি এবং ১৬টি ইনকাম সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। কিল্লা-বার্মায় আয়োজিত শিবিরে উপস্থিত ছিলেন জম্পুইজলার ডিসিএম সঞ্জয় কলই এবং প্রমোদনগরে উপস্থিত ছিলেন জম্পুইজলার ডিসিএম অমৃত দেববর্মা।

*******